

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮০০

२. यन गंनाता সूि छे अरिम भाना (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যারা ইলমে হাদীসের বিষয়ের যারা ছাত্র নয়, কোন কোন সময় নিম্নোক্ত হাদীস তাকে সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো পূর্বোক্ত দুটি হাদীসের সাথে সাংঘর্ষিক

ذِكْنُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ طَلَبَةِ الْعِلْمِ مِنْ مَظَانِّهِ أَنَّهُ مُضَادُّ لِلْخَبَرَيْنِ الْأَقَّلَيْنِ اللَّذَيْنِ ذَكَرْنَاهُمَا

আরবী

800 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ وَخَالِدُ بنِ النضر بن عمرو قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنِ الْحَسَنِ عَنِ الْحُصَيْنِ بْنِ الْمُنْذِرِ عَنِ الْمُهَاجِرِ بْنِ قُنْفُذِ بْنِ عُمَيْرِ بْنِ جُدْعَانَ:

أَنَّهُ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يَتَوَضَّأُ فَسلَّم عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حتى تَوَضَّأَ ثُمَّ اعْتَذَرَ إِلَيْهِ فَقَالَ: (إِنِّي كَرِهْتُ أَنْ أَذْكُرَ اللَّهَ إِلَّا عَلَى طُهُر أَوْ قَالَ: عَلَى طَهَارَةٍ) وَكَانَ الْحَسَنُ بِهِ يَأْخُذُ.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُهُ صلى الله عليه وسلم: (إِنِّي كَرِهْتُ أَنْ أَذْكُرَ اللَّهَ إِلَّا عَلَى طُهر) أَرَادَ بِهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْفَضْلُ لِأَنَّ الذِّكْرَ عَلَى الطَّهَارَةِ أَفْضَلُ لَا أَنَّهُ كَانَ يَكْرَهُهُ لِنَفْى جَوَازِهِ.

الراوي: الْمُهَاجِرِ بْن قُنْفُذِ بْنِ عُمَيْرِ بْنِ جُدْعَانَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 800 | خلاصة حكم المحدث: صحيح -

বাংলা

৮০০. মুহাজির বিন কুনফুয বিন উমাইর বিন জুদ'আন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন এসময় তিনি ওয়ু করছিলেন। তিনি তাঁকে সালাম দেন, কিন্তু তিনি সালামের জবাব দিলেন না যতক্ষন না তিনি ওয়ু করেন। তারপর তিনি ওজর পেশ করেন এবং বলেন, "পবিত্রতা অর্জন ব্যতীত আল্লাহর যিকর করা আমি অপছন্দ করেছি।"[1]



হাসান বাসরী রহিমাহুল্লাহ এই মত গ্রহণ করেন।

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন, " রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "পবিত্রতা অর্জন ব্যতীত আল্লাহর যিকর করা আমি অপছন্দ করেছি।" এর দ্বারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উত্তমতা বুঝিয়েছেন। কেননা ওযু অবস্থায় যিকর করা উত্তম। এটি উদ্দেশ্য নয় যে নাজায়েয হওয়ার কারণে তিনি অপছন্দ করেছেন।"

ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ২০৬; আবূ দাউদ: ১৭; হাকিম: ১/১৬৭; মুসনাদ আহমাদ: ৪/৩৪৫; নাসাঈ: ১/৩৭; ইবনু মাজাহ: ৩৫০; সুনান বাইহাকী: ১/৯০; আত তাবারানী: ২০/২২৯; দারেমী: ২/২৭৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৬২৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুহাজির ইবনু কুনফুয (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন